দৈনিক জনকণ্ঠ

তারিখ 31 MAY 1995
পৃষ্ঠা ৬ কলাম ৬

02

# বান্দরবানে সাত থানায় শিক্ষা অফিসার নেই

**বান্দরবান, ৩০ মে (নিজস্ব সংবাদদাতা)** ।- ৮টি থানার কোথাও থানা শিক্ষা অফিসার নেই। সহকারী থানা শিক্ষা অফিসারদের 'ভারপ্রাপ্ত' কার্যক্রমের ওপর নির্ভর করেই চলছে প্রাথমিক শিক্ষার মতো গুরুত্বপূর্ণ এই বিভাগটি।

জেলা প্রাথমিক শিক্ষা বিভাগে যোগাযোগ করে জানা গেছে, গত এক যুগেরও বেশি সময় যাবত এই অচলাবস্থা বিরাজ করছে। উর্ধ্বতন মহলে বার বার লেখালেখি সত্ত্বেও থানা শিক্ষা অফিসারের শূন্য পদ পূরণে কোন পদক্ষেপ নেয়া হয়নি।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার পদটিও ১০ বছরের বেশি সময় ভারপ্রাপ্তদের দিয়ে চালানো হয়েছে। বর্তমান জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ ইব্রাহীম চৌধুরী দীর্ঘদিন ভারপ্রাপ্ত থাকার পর সম্প্রতি ভারমুক্ত হয়েছেন। তিনি জানান, থানা শিক্ষা অফিসারের পদটি প্রাথমিক শিক্ষা বিস্তারের ক্ষেত্রে খুব গুরুত্বপূর্ণ হওয়া সত্ত্বেও পদগুলো খালি পড়ে রয়েছে। ৭টি থানার সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে ভারপ্রাপ্ত থানা শিক্ষা অফিসারের দায়িত্ব দেয়ায় বর্তমানে ৫টি থানায় সহকারী থানা শিক্ষা কর্মকর্তার পদ শূন্য হয়ে পড়েছে। কেবল মাত্র লামা এবং নাইক্ষ্যংছড়ি থানায় ১ জন করে সহকারী থানা শিক্ষা কর্মকর্তা রয়েছেন।

বান্দরবান জেলায় সহকারী থানা শিক্ষা কর্মকর্তার ১৪টি পদের মধ্যে ১২টি পদ শূন্য থাকায় স্কুল পরিদর্শনের কাজও ব্যাহত হচ্ছে।